

## الْوَاسِعُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৪৬ তম নাম 'الْوَاسِعُ' আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় 'الْوَاسِعُ' শব্দের মূল ع - س - و , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৩২ বার এসেছে। পরিবেষ্টন করা, পরিবেষ্টিত, প্রশস্ত, ক্ষমতা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْوَاسِعُ অর্থ: 'তিনি সর্বব্যাপী বিরাজমান'।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

وَلِلَّهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ فَأَيْنَمَا تُولُوا فَتَمَّ وَجْهُ اللَّهِ إِنَّ اللَّهَ وَاسِعٌ عَلِيمٌ ﴿١١٥﴾

আল্লাহই মালিক পূর্ব এবং পশ্চিমের। সুতরাং তোমরা যেকোনো মুখ ফেরাও না কেন, সে দিকেই আল্লাহ নিশ্চয়ই আল্লাহ সর্বব্যাপী বিরাজমান, সর্ববিষয়ে জ্ঞানী। (সূরা বাকারা: আয়াত নং ১১৫)

الَّذِينَ يَجْتَنِبُونَ كَبَائِرَ الْإِثْمِ وَالْفَوَاحِشَ إِلَّا اللَّمَمَ إِنَّ رَبَّكَ وَاسِعٌ الْمَغْفِرَةِ ﴿٣٢﴾

যারা কবির গুনাহ এবং ফাহেশা কাজ থেকে বিরত থাকে, যদিও ছোটখাটো গুনাহ হয়েই থাকে, তোমার প্রভু (তাদের ব্যাপারে) উদার, ক্ষমাশীল। (সূরা আন নাজম: আয়াত নং ৩২)

মূসা আ: তার কওমের বাছুর পূজায় লিপ্তের অপরাধে, কওমের জন্য ক্ষমার দোয়া করার পরে এই দোয়াও করেছিলেন: তুমি আমার জন্য এই দুনিয়ায় ও আখেরাতের কল্যাণ লিখে দাও, আমরা তোমার পথ ধরলাম।  
মূসা আ: কে আল্লাহ বললেন -

قَالَ عَذَابِي أُصِيبُ بِهِ مَنْ أَشَاءُ وَرَحْمَتِي وَسِعَتْ كُلَّ شَيْءٍ فَسَأَكْتُبُهَا لِلَّذِينَ يَتَّقُونَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَالَّذِينَ هُمْ بِآيَاتِنَا يُؤْمِنُونَ ﴿١٥٦﴾

(তার প্রভু) বললেন: আমার শাস্তি যাকে আমি চাই দিয়ে থাকি, কিন্তু আমার রহমত সবকিছুর উপর পরিব্যাপ্ত। তা আমি বিশেষভাবে লিখে দেবো সেই সব লোকদের জন্য, যারা তাকওয়া অবলম্বন করে, যাকাত পরিশোধ করে দেয় এবং যারা ঈমান রাখে আমার আয়াতের প্রতি। (সূরা আ'রাফ: আয়াত নং ১৫৬)

### বুখারী ও মুসলিম শরীফের হাদীস :

নবী সা: বলেছেন: আল্লাহর কাছে আশ্রয় চাও -

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ جَهْدِ الْبَلَاءِ، وَدَرَكِ الشَّقَاءِ، وَسُوءِ الْقَضَاءِ، وَشَمَاتَةِ  
الْأَعْدَاءِ -

কঠিন পরীক্ষা, চরম দুর্ভাগ্য, খারাপ তাকদীর ও শত্রুদের আত্মতুষ্টি থেকে।

প্রিয় ভাই ও বোনেরা! আল্লাহ যিনি সর্বব্যাপী বিরাজমান, উদার, সবকিছুর উপর পরিব্যাপ্ত, তাঁর কাছে ধর্না দেই। তাঁর ও রাসূল সা: প্রদর্শিত পথে নিজেদের পরিচালিত করি। তাঁর সাথে কাউকে শরিক না করি। কারণ শিরকের গুনাহ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা